# বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ১১০২

পর্ব - ৮ঃ বিবাহ (كتاب النكاح)

পরিচ্ছেদঃ ১০. লি’আন বা পরস্পরের প্রতি অভিশাপ প্রদান - সন্তান অস্বীকার করার ইঙ্গিত প্রদান

আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ ـ رضي الله عنه: أَنَّ رَجُلًا قَالَ: يَا رَسُولَ اللَّهِ! إِنَّ امْرَأَتِي وَلَدَتْ غُلَامًا أَسْوَدَ قَالَ: «هَلْ لَكَ مِنْ إِبِلٍ» قَالَ: نَعَمْ. قَالَ: «فَمَا أَلْوَانُهَا؟» قَالَ: حُمْرٌ. قَالَ: «هَلْ فِيهَا مَنْ أَوْرَقَ»، قَالَ: نَعَمْ. قَالَ: «فَأَنَّى ذَلِكَ»، قَالَ: لَعَلَّهُ نَزَعَهُ عِرْقٌ. قَالَ: «فَلَعَلَّ ابْنَكَ هَذَا نَزَعَهُ عِرْقٌ». مُتَّفَقٌ عَلَيْهِ
وَفِي رِوَايَةٍ لِمُسْلِمٍ: وَهُوَ يُعَرِّضُ بِأَنْ يَنْفِيَهُ ـ, وَقَالَ فِي آخِرِهِ: وَلَمْ يُرَخِّصْ لَهُ فِي الِانْتِفَاءِ مِنْهُ

صحيح. رواه البخاري (5305)، ومسلم (1500)

বাংলা

১১০২। আবূ হুরাইরা (রাঃ) থেকে বর্ণিত যে, এক ব্যক্তি বলল, হে আল্লাহর রসূল! আমার স্ত্রী একটি কাল রং-এর পুত্র সন্তান প্রসব করেছে। তিনি জিজ্ঞেস করলেন, তোমার কিছু উট আছে কি? সে জবাব দিল হাঁ। তিনি বললেন, সেগুলোর রং কেমন? সে বললা: লাল। তিনি বললেন: সেগুলোর মধ্যে কোনটি ছাই বর্ণের আছে কি? সে বলল: হ্যাঁ। তিনি জিজ্ঞেস করলেন: তাহলে সেটিতে এমন রং কোত্থেকে এলো। লোকটি বলল: সম্ভবত পূর্ববর্তী বংশের কারণে এমন হয়েছে। তিনি বললেন: তাহলে হতে পারে, তোমার এ সন্তানও বংশগত কারণে এমন হয়েছে।[1]

মুসলিমের অন্য বর্ণনায় আছে- (সে তার সন্তানের রং কালো বলে অভিযোগ করার পর) সন্তানকে অস্বীকার করার ইঙ্গিত করেছিল। আর রাবী হাদীসের শেষাংশে বলেছেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সন্তানটিকে অস্বীকার করার অবকাশ তাকে দেননি।

## ফুটনোট

[1] বুখারী ৬৮৪৭, ৭৩১৪, মুসলিম ১৫০০ ২১২৮, নাসায়ী ৩৪৭৮, ৩৪৭৯, আবূ দাউদ২২৬০, ইবনু মাজাহ ২০০২, আহমাদ ৭১৪১, ৭৭০২।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=70913

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন